



নতুন কোনো জালেম নয়, দুর্নীতিমুক্ত রাষ্ট্র চায় জনগণ: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, ৫ আগস্টের পর দেশের মানুষ আর কোনো অত্যাচারী শাসক দেখতে চায় না। অর্থপাচারকারী ও ঋণখেলাপিরা সংসদে গেলে আবারও লুটপাট শুরু হবে বলে তিনি মন্তব্য করেন।

শুক্রবার সকালে সাভারে ১১ দলীয় জোটের প্রার্থী দিলশানা পারুলের জনসভায় বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, ইসলামী মূল্যবোধ ও তরুণ শক্তির ঐক্যে একটি দুর্নীতিমুক্ত ও ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনের প্রত্যাশা জেগেছে। জনগণ এখন ইনসানফের বাংলাদেশ দেখতে চায়। তিনি দাবি করেন, ১১ দল সরকার গঠন করতে পারলে দেশ আধিপত্যমুক্ত হবে এবং সিদ্ধান্ত নেওয়া হবে ঢাকাকেন্দ্রিকভাবে। যারা বিদেশমুখী রাজনীতিতে বিশ্বাসী, তাদের এ দেশে জায়গা হবে না বলেও মন্তব্য করেন তিনি।

এক পর্যায়ে তিনি তারেক রহমানের সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে বলেন, দেশের বাস্তবতা না জেনে পরিকল্পনার কথা বলা অর্থহীন।

এনসিপি নেতার অভিযোগ, বিভিন্ন এলাকায় ১১ দলীয় জোটের নেতাকর্মীদের ওপর হামলা হচ্ছে। সহিংসতার পথ ছেড়ে জনগণকে ভোটের মাধ্যমে জবাব দেওয়ার আহ্বান জানান তিনি।